অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কবাসীকে চাইল্ড কেয়ার অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য নতুন অনলাইন টুল চালু করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

পরিবারগুলোকে উপযুক্ততা চেক করতে এবং স্থানীয় অর্থায়নকারী সংস্থানসমূহের সাথে সংযুক্ত হতে সাহায্য করার জন্য প্রি-স্ক্রিনিং টুল; গভর্নরের স্টেট অব দ্যা স্টেট প্রস্তাব পূরণ করছে

সর্বজনীন চাইল্ড কেয়ার বাস্তবায়নের একটি পরিকল্পনা প্রণয়ন করার জন্য টাস্ক ফোর্স পুনরায় প্রতিষ্ঠা করা হয়েছে; যেখানে স্টেট সংস্থাগুলো, শিক্ষাখাতের নেতৃবৃন্দ, ও স্টেকহোল্ডাররা অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে কর্মজীবী পরিবারগুলোকে চাইল্ড কেয়ার অ্যাক্সেস করতে সাহায্য করার জন্য কর্মপ্রচেষ্টার কথা ঘোষণা করেছেন, যার মধ্যে তাদের জন্য উপযুক্ততা চেক করার একটি নতুন অনলাইন টুল চালু করা এবং সর্বজনীন চাইল্ড কেয়ার বাস্তবায়নের একটি পরিকল্পনা প্রণয়নের জন্য স্টেটব্যাপী একটি টাস্ক ফোর্স পুনরায় প্রতিষ্ঠা করা অন্তর্ভুক্ত রয়েছে। এসব প্রচেষ্টা নিউ ইয়র্কের চাইল্ড কেয়ার সিস্টেমকে ন্যায্যতর, আরো বেশি সাশ্রয়ী এবং অ্যাক্সেস করা সহজতর করে তোলার জন্য গভর্নরের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ, যা তার 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে ঘোষণা করা হয়েছিল।

"সাশ্রয়ী চাইল্ড কেয়ারের অভাব থাকায় নিজের ক্যারিয়ারকে স্থগিত রাখতে বাধ্য হওয়া একজন মা হিসেবে, এই লাইফলাইন পরিবারগুলোর জন্য কতটা গুরুত্বপূর্ণ তা আমি প্রত্যক্ষভাবে অনুধাবন করি," **বলেছেন গভর্নর হোকল।** "চাইল্ড কেয়ার খাতে অর্থায়নের জন্য হওয়া বৃহৎ বিনিয়োগগুলোর পরিপূরক হিসেবে, সব নিউ ইয়র্কবাসী যাতে এসব অতি গুরুত্বপূর্ণ সংস্থানের অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করতে আমরা সেবা খুঁজে নেওয়ার প্রক্রিয়া উন্নত করতে, কর্মসূচির উপযুক্ততা সম্প্রসারণ করতে, এবং আমাদের কর্মীদেরকে সহায়তা করতে উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ গ্রহণ করছি।"

এই নতুন অনলাইন স্ক্রিনিং টুল বাবা-মায়েদেরকে কম খরচে বা বিনামূল্যে চাইল্ড কেয়ারের অ্যাক্সেস পেতে স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা (Child Care Assistance) কর্মসূচির তরফ থেকে আর্থিক সহায়তা পাওয়ার উপযুক্ততা নির্ণয় করতে সাহায্য করবে। স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের (Office of Children and Family Services) তৈরি করা এই টুলের লক্ষ্য

হলো পরিবারগুলোর জন্য আবেদন প্রক্রিয়া ত্বরান্বিত ও সহজতর করা, যাতে তারা কোন পরিষেবাগুলো পাওয়ার জন্য উপযুক্ত হতে পারেন সে বিষয়টি তারা দ্রুত নির্ণয় করতে পারেন।

পরিবারগুলো একটি ঐচ্ছিক অনলাইন প্রশ্নমালা সম্পন্ন করতে পারে, যা তারা উপযুক্ততার প্রাথমিক শর্ত পূরণ করছে কিনা তা তাদেরকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিবে এবং এরপর তাদেরকে তহবিলের জন্য আবেদন করতে স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিপার্টমেন্টে যাওয়ার দিকনির্দেশনা প্রদান করবে। এই নতুন অনলাইন টুল সাধারণ মানুষের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের ওয়েবসাইটে 12টি ভাষায় পাওয়া যাচ্ছে এবং একটি কম্পিউটার বা মোবাইল ডিভাইস দিয়ে যেকোনো জায়গায়, যেকোনো সময় অ্যাক্সেস করা যাবে।

গভর্নর হোকল জানুয়ারি মাসে তার স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে স্টেটজুড়ে ইলেক্ট্রনিক প্রি-স্ক্রিনিং টুল লভ্য হওয়ার কথা ঘোষণা করেছিলেন, যেসময় তিনি চাইল্ড কেয়ারের আবেদন প্রক্রিয়া উন্নত করা ও কেন্দ্রীভূত করার আহবান জানিয়েছিলেন। এছাড়া উচ্চ-মানসম্মত চাইল্ড কেয়ারের অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য তার অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে গভর্নর পরিবারগুলোর জন্য আবেদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্যেও অঙ্গীকারাবদ্ধ রয়েছেন, যার মধ্যে চার বছর মেয়াদের 7.6 বিলিয়ন ডলারের নজিরবিহীন বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে।

সেইসাথে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট চাইল্ড কেয়ার এভেইলেবিলিটি টাস্ক ফোর্স (New York State Child Care Availability Task Force) পুনরায় প্রতিষ্ঠা করার কথা ঘোষণা করেছেন, যা স্টেট কিভাবে সর্বজনীন চাইল্ড কেয়ার বাস্তবায়ন করতে পারে তার একটি কাঠামো উন্নয়ন করতে সাহায্য করবে। OCFS-এর ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভে এবং শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডনের সহ-সভাপতিত্বে পরিচালিত এই টাস্ক ফোর্স 2021 সালের মে মাসে এটির চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করার পরে এই প্রথম বারের মতো গত সপ্তাহে বৈঠক করেছে।

পুনঃপ্রতিষ্ঠিত চাইল্ড কেয়ার এভেইলেবিলিটি টাস্ক ফোর্স স্টেটকে সর্বজনীন চাইল্ড কেয়ার প্রদান করার লক্ষ্যমাত্রা পূরণের জন্য পরামর্শ প্রদান করবে এবং এটিকে বছর শেষে নতুন রিপোর্ট প্রদান করার দায়িত্ব ন্যস্ত করা হয়েছে। এই পরিকল্পনা প্রণয়ন করার পাশাপাশি, টাস্ক ফোর্সটি স্টেটের চাইল্ড কেয়ারের চাহিদা, চাইল্ড কেয়ার প্রদানের উপর কোভিড-19 মহামারীর প্রভাব মূল্যায়ন করবে, চাইল্ড কেয়ার কর্মীদের সংকট মোকাবেলার উপায় সম্পর্কে সুপারিশ করবে, এবং ফেডারেল অর্থায়নে পরিচালিত মহামারী সম্পর্কিত কর্মসূচিগুলোর দ্বারা সমর্থিত নীতিমালার বাস্তবায়ন মূল্যায়ন করবে।

এই টাস্ক ফোর্স অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance), শিশু ও পরিবার বিষয়ক কাউন্সিল (Council on Children and Families), ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স (Department of Taxation and Finance), আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Council), স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York), সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York), স্টেটের শিক্ষা বিভাগের (State Education Department)

প্রতিনিধিদের নিয়ে গঠন করা হয়েছে। টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে চাইল্ড কেয়ার সেবা প্রদানকারী ও ইউনিয়ন, অ্যাডভোকেসি গ্রুপ ও স্টেকহোল্ডারগণ, ব্যবসায়িক কমিউনিটি এবং স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিপার্টমেন্টও অন্তর্ভুক্ত রয়েছে।

2018 সালের ডিসেম্বর মাসে টাস্ক ফোর্সটি যখন শুরুর দিকে আহবান করা হয়েছিল তখন গভর্নর হোকল সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছিলেন এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য মানসম্মত চাইল্ড কেয়ারকে সাশ্রয়ী ও অ্যাক্সেসযোগ্য করে তোলার জন্য একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করেছিলেন। নিউ ইয়র্ক স্টেটের সোশ্যাল সার্ভিসেস আইন সংশোধন করে টাস্ক ফোর্সটি পুনরায় গঠন করা হয়েছে এবং 2021 সালের রিপোর্টে প্রদান করা সুপারিশগুলোর অগ্রগতি পর্যালোচনার পাশাপাশি একটি নতুন দায়িত্ব অর্পণ করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের ভারপ্রাপ্ত কমিশনার এবং টাস্ক ফোর্সের সহ-সভাপতি সুজান মাইলস-গুস্তাভে বলেন, "আমরা জানি যে চাইল্ড কেয়ার সহায়তা পাওয়ার উপযুক্ত শিশুদের মধ্যে 10 শতাংশেরও কম শিশু প্রকৃতপক্ষে এটি পেয়ে থাকে। চাইল্ড কেয়ার সেবার খরচ বহন করতে পরিবারগুলোকে সহায়তা করার জন্য এবং সেইসাথে স্টেটের বিদ্যমান কর্মসূচিগুলোকে বড় করে তোলা এবং নতুন কর্মসূচি তৈরি করার জন্য সেবা প্রদানকারীদেরকে শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের ঐতিহাসিক বিনিয়োগ পরিচালনা করতে পেরে OCFS গর্বিত। তার রূপকল্পকে আমাদের পথনির্দেশক হিসেবে কাজে লাগিয়ে, সর্বজনীন চাইল্ড কেয়ার বাস্তবায়ন করা এবং নিউ ইয়র্ককে অ্যাক্সেসযোগ্য, সাশ্রয়ী ও সমতাপূর্ণ অপশনের জন্য একটি মডেলে পরিণত করার পথ অনুসন্ধান করার এই সময়ে এই টাস্ক ফোর্সের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতে পেরে আমি উচ্ছসিত।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এই টাস্ক ফোর্স ঘোষণার মধ্য দিয়ে, গভর্নর হোকল আমাদের স্টেটে কর্মজীবী পরিবারগুলোর সম্মুখীন হওয়া চলমান চাইল্ড কেয়ার সমস্যা মোকাবেলায় নজিরবিহীন নেতৃত্ব ও নিবেদিত মনোভাব দেখিয়ে চলেছেন। তিনি প্রত্যক্ষভাবে অবগত রয়েছেন যে এটি শুধু মহিলাদের সমস্যা নয়। এটি বাবা-মায়েদের সমস্যা। এটি নিয়োগকর্তার সমস্যা। এটি একটি সামাজিক সমস্যা, এবং এটি মোকাবেলা করা আমাদের অব্যাহত অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। টাস্ক ফোর্সের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতে পেরে আমি গর্বিত এবং সমাধানগুলো শনাক্ত ও বাস্তবায়ন করতে অন্য সদস্যদের সঙ্গে কাজ করার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

###